# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২৩ তারিখঃ ১৬ আগষ্ট ২০২৩

**বিষয়ঃ বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম (BKB Probashi Quarterly Profit Scheme) চালুকরণ প্রসঙ্গে।**

প্রবাসে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ তাঁদের কষ্টার্জিত অতি মূল্যবান রেমিট্যান্স স্বদেশে প্রেরণ করে দেশের উন্নয়ন, সমৃদ্ধি ও মর্যাদা বৃদ্ধিতে প্রতিনিয়ত গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। প্রবাসীরা রেমিট্যান্স হিসেবে প্রেরিত অর্থের একটি অংশ তাঁদের ভবিষ্যতের নিশ্চয়তা সৃষ্টির প্রয়োজনে সঞ্চয় আকারে জমা রাখতে পারেন। পরিকল্পিতভাবে রোপন করা একটি ক্ষুদ্র সঞ্চয়ী চারাগাছ ভবিষ্যত জীবনে বৃক্ষ হিসেবে মাথার ওপর ছায়া দিতে পারে। প্রবাসীরা সঞ্চয় স্কীমে অর্থ সঞ্চয়ের মাধ্যমে অতি আকর্ষণীয় মুনাফা অর্জনের পাশাপাশি দেশে প্রত্যাবতর্নের উক্ত অর্থ কাজে লাগিয়ে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে আরও সহায়ক ভূমিকা রাখতে পারবেন। এই লক্ষ্যে, পরিচালনা পর্ষদের ৩১-০৭-২০২৩ তারিখের ৮৩৮ তম সভায় অনুমোদনের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকে নিম্নোক্ত শর্তে বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম (BKB Probashi Quarterly Profit Scheme) নামে ত্রৈমাসিক মুনাফাভিত্তিক সঞ্চয় স্কীম প্রবর্তন করা হলো।

২.০। হিসাবের নাম ঃ "বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম(BKB Probashi Quarterly Profit Scheme)"।

২.১। হিসাব খোলার যোগ্যতা ঃ ১৮ বছরের উর্ধ্বে সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যেকোন প্রবাসী বাংলাদেশী নাগরিক ও তার পরিবার (প্রবাসী, প্রবাসী কর্তৃক প্রেরিত রেমিট্যান্স এর বেনিফিসিয়ারী- শুধুমাত্র তার স্ত্রী/স্বামী/মাতা/পিতা/পুত্র/কন্যা/ভাই/বোন তথা রক্তের সম্পর্কের যে কোন আত্মীয়) মাসের যে কোন কর্মদিবসে নিজ নামে বা যৌথ নামে এক বা একাধিক হিসাব খুলতে পারবে।

২.২। অনুচ্ছেদ ২.১ এ উল্লেখিত প্রবাসীদের আত্মীয়দের হিসাব খোলার ক্ষেত্রে উপযুক্ত দালিলিক প্রমাণ দিতে হবে। তবে রক্তের সম্পর্ক ব্যতীত অন্য কোন আত্মীয়/স্বজন- শ্বশুর/শ্বাশুরী/শ্যালক/শ্যালিকা/বন্ধু/অন্য কোন স্বজন বা পরিচিতজন এর নামে আলোচ্য হিসাব খোলা যাবে না।

২.৩। এককালীন জমার পরিমাণ ঃ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা বা তার গুণিতক, সর্বোচ্চ ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ) টাকা।

২.৪। হিসাবের মেয়াদকাল, সুদের হার ও প্রাপ্য টাকার পরিমাণ ঃ

এ স্কীমে জমাকৃত টাকার উপর **৮.০০% সরল সুদ** নিম্নোক্তভাবে সুদ প্রযোজ্য হবে ঃ

| আমানতের মেয়াদ | এককালীন আমানতের পরিমাণ | সুদ/মুনাফার হার | ত্রৈমাসিক মুনাফার পরিমাণ (আবগারী ও উৎসে কর কর্তন ব্যতীত) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০৩ বছর | ১,০০,০০০/- | ৮.০০% | ২০০০/- | প্রদানযোগ্য মুনাফা হতে প্রযোজ্য হারে উৎসে কর, আবগারী শুল্ক ইত্যাদি কর্তন করতে হবে। |

- এককালীন ১০০,০০০ (এক লক্ষ) টাকা জমা হিসাব ধরে হিসাবায়ন করা হয়েছে।

২.৫। হিসাব খোলা ও পরিচালন সংক্রান্ত নিয়মাবলী ঃ

২.৫.১। আমানতকারী নিজ নামে এ স্কীমের আওতায় এক বা একাধিক হিসাব ব্যাংকের নির্ধারিত আবেদন ফরমের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের যে কোন শাখায় যে কোন কর্মদিবসে খুলতে পারবে। এক্ষেত্রে অনুঃ ২.১ ও ২.২ এর নীতিমালা অনুসরণ করতে হবে।

২.৫.২। হিসাব খোলার সময় আমানতকারীর পূর্ণাঙ্গ পরিচিতি (KYC), জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি ও পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি, অনুচ্ছেদ ২.১, ২.২ ও ২.৫.১ এর বেনিফিসিয়ারীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্রসহ (ওয়ারিস সনদ, জাতীয় পরিচয়পত্রে প্রযোজ্য ক্ষেত্রে প্রবাসীর স্বামী/স্ত্রীর নাম অথবা অন্যান্য ক্ষেত্রে পিতা/মাতার নাম ইত্যাদি) হিসাবধারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি প্রদান করতে হবে। যথানিয়মে সনাক্তকারীর স্বাক্ষর গ্রহন করতে হবে।

২.৫.৩। গ্রাহকের যদি টিআইএন (TIN) সার্টিফিকেট থাকে তবে হিসাব খোলার সময় **আয়কর রিটার্ন প্রত্যয়ন/প্রমানকসহ টিআইএন (TIN) সার্টিফিকেট** জমা নিতে হবে এবং যথাযথভাবে হিসাব খোলার ফর্মে লিপিবদ্ধ করতে হবে এবং সংরক্ষণ করতে হবে।

২.৫.৪। সরকার কর্তৃক আরোপিত উৎসে কর, আবগারী শুল্ক ও অন্যান্য চার্জ (যদি থাকে) আমানত হিসাব হতে কর্তনযোগ্য হবে।

২.৫.৫। রেমিট্যান্স প্রেরণকারীর উপযুক্ত আত্মীয়ের (অনুচ্ছেদ ২.১, ২.২ ও ২.৫.১ মোতাবেক) হিসাব খোলার ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকে সংশ্লিষ্ট প্রবাসী কর্তৃক প্রেরণকৃত যে কোন একটি রেমিট্যান্স প্রমানপত্র হিসাবে গ্রহন করতে হবে।

২.৫.৬। হিসাব খোলার ফরমে টাকার পরিমাণ ও মেয়াদকাল (অংকে ও কথায়) স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। কোনরূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন ও পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

২.৫.৭। এ হিসাবের বিপরীতে কোন চেক প্রদান করা যাবে না। অর্থাৎ হিসাবটি চেকবিহীন হবে।

২.৫.৮। প্রবাসী হিসাবধারী স্থায়ীভাবে দেশে প্রত্যাবর্তন করলেও উক্ত হিসাব সচল/চালু থাকবে এবং সুদ হারের কোন পরিবর্তন হবে না।

২.৫.৯। হিসাব মেয়াদপূর্ণ হওয়ার পর টাকা উত্তোলনে বিলম্ব হলে (শুধুমাত্র প্রবাসী হিসাবধারীর ক্ষেত্রে) অতিরিক্ত সময়ের জন্য প্রাপ্য টাকার উপর প্রচলিত সঞ্চয়ী হিসাবের (Savings Account) নিয়ম অনুসারে সুদ প্রাপ্য হবে।

চলমান পাতা-০২

২.৫.১০। ত্রৈমাসিক প্রদেয় সুদ নির্ধারিত তারিখে আমানতকারীর সঞ্চয়ী/চলতি হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে (আমানতকারীর সঞ্চয়ী/চলতি হিসাব থাকতে হবে)।

২.৫.১১। ত্রৈমাসিক স্কীম হিসাবের ক্ষেত্রে মাসিক ভিত্তিতে সুদ প্রভিশন রাখতে হবে। ত্রৈমাসিক স্কীম হিসাবে কোন কারণে ত্রৈমাসিক মুনাফা স্থানান্তর করা না হলেও পরবর্তী ত্রৈমাসে মুনাফার উপর কোন সুদ প্রদান করা যাবে না।

২.৫.১২। মেয়াদপূর্তিতে আমানতকারীর আবেদনের প্রেক্ষিতে এ হিসাবের টাকা সংশ্লিষ্ট গ্রাহকের চলতি/সঞ্চয়ী হিসাবে স্থানান্তরের মাধ্যমে প্রদেয় হবে।

২.৬ । <u>নমিনী মনোনয়ন সংক্রান্ত নিয়মাবলী ঃ</u>

২.৬.১। আমানতকারীকে ব্যাংকের প্রচলিত নিয়মে অবশ্যই নমিনী নিযুক্ত করতে হবে। আমানতকারী কর্তৃক সত্যায়িত নমিনীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি হিসাব খোলার ফর্মের সাথে সংযুক্ত করতে হবে। নাবালক/নাবালিকাকেও নমিনী করা যাবে। এক্ষেত্রে নাবালক/নাবালিকার জন্ম নিবন্ধন এর কপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।

২.৬.২। আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহনের পূর্বে নমিনীর মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে হিসাবধারী নতুন নমিনী মনোনয়ন করবেন। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পর নমিনী হিসাবের অর্থ প্রাপ্য হবেন। এক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট গ্রহনের প্রয়োজন হবে না এবং বিষয়টি শাখা পর্যায়েই নিস্পত্তিযোগ্য হবে। নমিনীকে হিসাবের অর্থ পরিশোধের সময় নিম্নোক্ত কাগজপত্রাদি গ্রহণ করতে হবে।

- আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র (ডাক্তারী সনদ ও মৃত্যু নিবন্ধন সনদ)।
- নমিনীর পরিচয়পত্র যাচাইয়ের জন্য জাতীয় পরিচয়পত্র/স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/একজন গেজেটেড অফিসার বা ব্যাংকের ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের একজন কর্মকর্তার প্রত্যয়নপত্র।
- নমিনীর আইনানুগ অভিভাবকের আবেদনপত্র ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (নাবালকের ক্ষেত্রে)।
- নাবালক/নাবালিকার ক্ষেত্রে নমিনীর আইনানুগ অভিভাবক কর্তৃক শাখার একজন আমানত হিসাবধারীর সাথে যৌথভাবে সম্পাদিত ইনডেমনিটি বন্ড (ক্ষতিপূরণ মুচলেকা)।

২.৬.৩। আমানতকারী যে কোনো সময় লিখিতভাবে তার বিদ্যমান নমিনী মনোনয়ন বাতিল করে নতুন করে নমিনী মনোনয়ন করতে পারবেন।

২.৭। <u>মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে হিসাবায়ন ও টাকা উত্তোলন পদ্ধতি ঃ</u>

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূতির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা আমানতকারীর চলতি/সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

২.৭.১। হিসাব খোলার ১ বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।

২.৭.২। হিসাবের মেয়াদ ১ বছরের অধিক কিন্তু ২ বছরের কম হলে ৩.৫০% সরল হারে সুদ প্রদেয় হবে।

২.৭.৩। হিসাবের মেয়াদ ২ বছরের অধিক কিন্তু ৩ বছরের কম হলে ৫.০০% সরল সুদ হারে সুদ প্রদেয় হবে।

২.৭.৪। প্রযোজ্য হারে আবগারী, উৎসে কর ও অন্যান্য সরকারী চার্জ (হিসাব বন্ধের চার্জ ব্যতীত) কর্তনযোগ্য হবে।

২.৮। <u>সংশ্লিষ্ট হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান ঃ</u>

আমানতকারীকে তার স্বশরীরে উপস্থিতি সাপেক্ষে আপদকালীন সময়ের জন্য/সাময়িক প্রয়োজনে লিখিত আবেদনের প্রেক্ষিতে হিসাবের স্থিতি লিয়েন রেখে নিম্নবর্ণিত শর্তে ঋণ প্রদান করা যাবে ঃ

| | | |
|---|---|---|
| ঋণ সীমা | ঃ | হিসাবে জমাকৃত আসলের সর্বোচ্চ ৮০%। |
| ঋণের সময়কাল | ঃ | সর্বোচ্চ ০১(এক) বছর। |
| ঋণের প্রকৃতি | ঃ | সাধারণ / লিমিট আকারে চলমান বা সিসি (এ ক্ষেত্রে সিসির নিয়মাবলী প্রযোজ্য হবে)। |
| ঋণ প্রাপ্তির যোগ্যতা | ঃ | হিসাব খোলার পরই হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান করা যাবে। |
| ঋণ মঞ্জুরীর ক্ষমতা | ঃ | শাখা ব্যবস্থাপক (লিমিট আকারে চলমান/সিসির ক্ষেত্রে স্ব স্ব মঞ্জুরী ক্ষমতায় ঋণ বিতরণযোগ্য হবে)। |
| সুদের হার | ঃ | এ স্কীমের হিসাবের সুদের চেয়ে ৩% বেশী (ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে)। |
| পরিশোধ পদ্ধতি | ঃ | কিস্তিতে অথবা এককালীন পরিশোধযোগ্য। ঋণটি কোন অবস্থাতেই শ্রেণীকৃত হতে পারবেনা। এ ধরনের সম্ভাবনা দেখা দিলে "বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম" বন্ধ করে ঋণ হিসাব সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ গ্রাহককে প্রদান করতে হবে। |
| দলিল পত্রাদি | ঃ | ক) ডিমান্ড প্রমিসরি নোট, খ) লেটার অব লিয়েন, গ) লেটার অব এরেঞ্জমেন্ট, ঘ) লেটার অব ডিসবার্সমেন্ট, ঙ) সংশ্লিষ্ট আমানত হিসাবটি বন্ধ করে ঋণ হিসাব সমন্বয় (Set Off) করার সম্মতিপত্র। |

২.৯। <u>বিশেষ নির্দেশাবলীঃ</u>

২.৯.১। হিসাবধারীর মৃত্যুর পর স্বয়ংক্রিয়ভাবে হিসাবটি বন্ধ হয়ে যাবে। এক্ষেত্রে ২.৭ অনুচ্ছেদের নিয়ম মোতাবেক হিসাবায়ন করে হিসাবের অর্থ যথাযথ নিয়মে নমিনি/উত্তোরাধীকারী-কে বা গণকে পরিশোধ করতে হবে।

২.৯.২। এ স্কীমের বিপরীতে গৃহীত ঋণ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে আমানতকারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি (যদি থাকে) নিযুক্ত নমিনি/উত্তরাধিকারী-কে বা গণকে প্রদেয় হবে। কোন অবস্থাতেই ঋণের টাকা অসমন্বিত রাখা যাবে না।

২.৯.৩। স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় যে কোন সময় ব্যাংক কর্তৃপক্ষ এ প্রকল্পের যে কোন শর্ত সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

চলমান পাতা-০৩

২.৯.৪। এ স্কীমের আওতায় খোলা হিসাব ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় স্থানান্তর করা যাবে না।

২.৯.৫। হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হবে। তবে, আবগারী শুল্ক ও সরকারী উৎসে কর কর্তনপূর্বক প্রাপ্য টাকা নির্ধারণ করতে হবে।

২.৯.৬। হিসাবের মেয়াদপূর্তির পর নবায়ন করা যাবে না। তবে অনুচ্ছেদ ২.৫.৯ অনুসরণ করতে হবে। প্রয়োজনে এই স্কীমের আওতায় পুনরায় হিসাব খোলা যাবে।

৩.০। হিসাব খাতঃ "বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম (BKB Probashi Quarterly Profit Scheme)" এর জন্য জেনারেল লেজারে ২৩/৮, "বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম" মূলখাত, ১৩৩/৩৭AX, "বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম" এর উপর প্রদত্ত সুদ উপখাত (ব্যয় খাত) এবং ৪১/১১৬, "বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম" এর উপর সুদ প্রভিশন উপখাত নামে ০৩ টি খাত নির্ধারণ করা হয়েছে।

৪.০। এ স্কীমটি প্রবর্তনের ফলে শাখাসমূহের আমানত বৃদ্ধি পাবে। স্কীমটি জনপ্রিয় ও আমানতকারীগণের নিকট আকৃষ্ট করার উদ্দেশ্যে ব্যাপক প্রচারণা চালাতে হবে; এ উদ্দেশ্যে শাখাসমূহ কর্তৃক দর্শনীয় স্থানে ব্যানার, পোস্টার ও লিফ্‌লেটের মাধ্যমে জনসাধারণকে অবহিত ও উদ্বুদ্ধকরণের জন্য মাঠ পর্যায়ে শাখা ও অন্যান্য কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে ব্যক্তিগত উদ্যোগ ও ব্যাপক প্রচার কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকার পরামর্শ প্রদান করা হলো।

৫.০। **উক্ত নির্দেশনা পরিপত্র জারির তারিখ হতে কার্যকর হবে।** উল্লেখ্য যে, এ বিষয়ে কোন ধরনের অস্পষ্টতা পরিলক্ষিত হলে বা স্পষ্টিকরণের প্রয়োজন হলে বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা তে যোগাযোগ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৮/০৮/২০২৩

**(মোহাঃ খালেদুজ্জামান)**
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)অংশ-২/২০২৩-২০২৪/২৪০ তারিখঃ ১৬ আগষ্ট ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

২৮.০৮.২৩
**(কে. এম. হাবিব-উন-নবী)**
উপমহাব্যবস্থাপক